MSHDA ভাষায় অ্যাক্সেসের পরিকল্পনা

ভাষায় অ্যাক্সেস সেবার জন্য MSHDA-র সাথে যোগাযোগ করতে:

- কল করুন: 1-855-646-7432
- ইমেইল: MSHDA@michigan.gov
- পরিদর্শন করুন বা চিঠি পাঠান:
  - ল্যানসিং অফিস: 735 E. Michigan Avenue, Lansing MI 48912
  - ডেট্রয়েট অফিস: 3025 W. Grand Blvd., Ste 4-600, P.O. Box 02990, Detroit MI 48202

মিশিগানের ১০ মিলিয়নেরও বেশি মানুষ, এবং প্রায় ১০.২% বাড়িতে ইংরেজি ছাড়া অন্য ভাষায় কথা বলে। এই জনসংখ্যার প্রায় ৩৬% সীমিত ইংরেজি দক্ষতার ভিত্তিতে ভাষা অ্যাক্সেস সহায়তা থেকে উপকৃত হবে।

মিশিগান স্টেট হাউজিং ডেভেলপমেন্ট অথরিটি (MSHDA) ভাষা অ্যাক্সেস পরিকল্পনা তৈরি করা হয়েছে যাতে সকল মিশিগান বাসিন্দা MSHDA-এর কর্মসূচি, কার্যক্রম ও সেবায় অ্যাক্সেস পায় এবং অর্থবহভাবে অংশগ্রহণ করতে পারে। এই ভাষা অ্যাক্সেস পরিকল্পনাটি সীমিত ইংরেজি দক্ষতা থাকা ব্যক্তিদের জন্য যোগাযোগ এবং অংশগ্রহণ নিশ্চিত করতে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ভাষা সহায়তা সেবার রূপরেখা দেয়।

MSHDA ২০২৩ সালের অর্থপূর্ণ ভাষায় জনগণের স্টেটের সেবা প্রাপ্তি আইন এবং ২০২৩ সালের স্টেটব্যাপী অর্থপূর্ণ ভাষা অ্যাক্সেস কোঅর্ডিনেশন আইন প্রণয়নের মাধ্যমে ১৯৬৪ সালের নাগরিক অধিকার আইনের টাইটেল VI এবং নির্বাহী আদেশ ১৩১৬৬-এর লক্ষ্যকে এগিয়ে নিতে প্রতিশ্রুতিবদ্ধ।

MSHDA আমাদের আবাসন সেবা ব্যবহার করছে বা ব্যবহার করতে চাচ্ছে এমন সকল মানুষের জন্য অ্যাক্সেস নিশ্চিত করার চেষ্টা করে। MSHDA, ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত, মিশিগানের বাসিন্দাদের আবাসন স্থিতিশীলতা সুরক্ষিত করার ক্ষেত্রে সবচেয়ে বড় বাধার সম্মুখীন ব্যক্তিদের বিভিন্ন আবাসন চাহিদা মেটাতে স্টেট, ফেডারেল ও বেসরকারি/সরকারি অংশীদার সংস্থার অর্থায়নে পরিচালিত বিভিন্ন আবাসন কর্মসূচি পরিচালনা করে। MSHDA কর্মসূচি বাড়ির মালিকানার উপায়, বাড়ির অ্যাক্সেসযোগ্য বৈশিষ্ট্য বজায় রাখা ও যুক্ত করার জন্য সহায়তা, গৃহহীনতা রোধ ও সমাপ্ত করার জন্য জরুরি আবাসন সেবা ও ভাড়া আবাসনের ভাউচার ভর্তুকি প্রদান করে, একই সাথে স্টেটব্যাপী সাশ্রয়ী মূল্যের বিক্রয়যোগ্য ও ভাড়ার আবাসনের উন্নয়ন ও পুনঃনির্মাণে বিনিয়োগ করে। MSHDA সেবার বিস্তারিত বিবরণ MSHDA প্রোগ্রাম গাইডে পাওয়া যাবে।

আপনার অধিকার:

- সেবা, কর্মসূচি ও কাগজপত্র আরও ভালোভাবে বোঝার জন্য ভাষা সহায়তা পাওয়ার অধিকার।
- মনোনীত MSHDA কর্মী ও দোভাষীর সাথে দেখা করার অধিকার।
- MSHDA-এর দেওয়া কাগজপত্রের লিখিত অনুবাদ পাওয়ার অধিকার।
- MSHDA কাগজপত্রের জন্য সঠিক ভাষা সেবা পাওয়ার অধিকার।
- আপনি যদি মনে করেন যে এই অধিকার আদায় হচ্ছে না, তাহলে অভিযোগ দায়ের করার অধিকার।

বিনামূল্যে ভাষা সহায়তা সেবা:

MSHDA ভাষা সেবার সহায়তার প্রয়োজন এমন ব্যক্তিদের জন্য অর্থবহ যোগাযোগ এবং তথ্য প্রাপ্তি নিশ্চিত করতে যুক্তিসঙ্গত পদক্ষেপ নিতে প্রতিশ্রুতিবদ্ধ। বিনামূল্যে ভাষা অ্যাক্সেস সেবা সবসময় উপলভ্য থাকবে। যদি কোনো ব্যক্তি দোভাষী ও অনুবাদ সহায়তা পরিবারের সদস্য বা বন্ধুর মতো কোনো সহায়ক ব্যক্তির মাধ্যমে নিতে চান তাহলে সেই ব্যক্তির বয়স ১৮ বছর বা তার বেশি হলে এটি অনুমোদিত। ১৮ বছরের কম বয়সী নাবালকের উপর ভাষা সহায়তা প্রদানের জন্য নির্ভর করা অনুমোদিত নয়।

ভাষা অ্যাক্সেসের প্রয়োজন এমন ব্যক্তিদের সহায়তা প্রাপ্তি নিশ্চিত করতে MSHDA বিভিন্ন টুলস ব্যবহার করে। MSHDA ওয়েবসাইটে একাধিক ভাষায় পোস্ট করা ভাষা অ্যাক্সেস সেবার লিঙ্ক রয়েছে এবং এটি ওয়েবসাইটের বিভিন্ন স্থানে প্রকাশিত হয় যেখানে মানুষ আবাসন রিসোর্সের সাথে যোগাযোগের জন্য খোঁজ করে। এই লিঙ্কটি অধিকার, সেবা ও কীভাবে অভিযোগ দায়ের করতে হয় সে সম্পর্কে তথ্য প্রদান করে। MSHDA-র ডেট্রয়েট ও ল্যানসিং অফিসের অভ্যর্থনা ডেস্ক সহায়তার জন্য সুসজ্জিত। প্রশিক্ষিত কর্মীরা "আমি বলি" কার্ড ব্যবহার করে এবং দোভাষী সেবা সমন্বয় করে লোকদের সহায়তা করে। সেবাগুলো দ্বিভাষিক কর্মী এবং চুক্তিবদ্ধ দোভাষীদের দ্বারা সরবরাহ করা হয় এবং ফোন, ভার্চুয়ালি ও স্বশরীরে দেওয়া হয়। লিখিত অনুবাদ সেবা চুক্তিবদ্ধ অনুবাদকদের দ্বারা সরবরাহ করা হয়।

অভিযোগ দায়ের করার পদ্ধতি:

আপনার ভাষায় প্রয়োজনীয় সহায়তা প্রদান না করার কারণে যদি আপনি স্টেট সেবা পেতে সমস্যায় পড়েন, তাহলে আপনি ভাষা অ্যাক্সেসে অসুবিধা সম্পর্কিত একটি অভিযোগ দায়ের করতে পারেন। এর মধ্যে রয়েছে যদি কোনো স্টেট ডিপার্টমেন্ট বা এজেন্সি কোনো দোভাষী বা অনূদিত কাগজ সরবরাহ না করে।

- অভিযোগ দায়ের করতে ভাষা সেবা অভিযোগ ওয়েবসাইটে লগ ইন করুন।

  (https://www.michigan.gov/ogm/services/statewide-language-access/language-services-complaints)

জাতিগত উৎসের উপর ভিত্তি করে অভিযোগ প্রক্রিয়া:

MSHDA জনসাধারণকে মিশিগান নাগরিক অধিকার বিভাগ (MDCR)-এ পাঠাবে যারা বিশ্বাস করেন যে তারা জাতিগত উৎসের কারণে বেআইনি বৈষম্যের শিকার হয়েছেন।

MDCR কর্মসংস্থান, শিক্ষা, আবাসন, জন সুবিধা, আইন প্রয়োগ ও জনসেবায় বেআইনি বৈষম্যের অভিযোগ তদন্ত করে। যদি কেউ অভিযোগ দায়ের করতে চান, তাহলে অভিযোগকৃত বৈষম্যটি অবশ্যই গত ১৮০ দিনের মধ্যে সংঘটিত হতে হবে এবং এটি ধর্ম, জাতি, বর্ণ, জাতীয়তা, লিঙ্গ, বয়স, উচ্চতা, ওজন, গ্রেপ্তারের রেকর্ড, প্রতিবন্ধিতা, বৈবাহিক অবস্থা, পারিবারিক অবস্থা অথবা জেনেটিক তথ্যের উপর ভিত্তি করে হতে হবে।

MSHDA চুক্তিতে এর অংশীদারদের বৈষম্য বিরোধী আইন অনুসরণ করতে বাধ্য করে, কিন্তু MSHDA শুধুমাত্র চুক্তিটি প্রয়োগ করতে পারে, আইন নয়। কর্তৃপক্ষের এই আইন ভঙ্গের জন্য ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আইনগত ক্ষমতা নেই। যেসব ব্যক্তি বিশ্বাস করেন যে তারা বেআইনি বৈষম্যের শিকার হয়েছেন, তাদের অভিযোগ দায়ের করার জন্য MDCR-এর নিম্নলিখিত পদক্ষেপ MSHDA সরবরাহ করবে:

আপনার যদি নাগরিক অধিকার সম্পর্কে প্রশ্ন থাকে বা বিশ্বাস করেন যে আপনি বেআইনি বৈষম্যের সম্মুখীন হয়েছেন, তাহলে আপনি MDCR-এ অভিযোগ দায়ের করতে পারেন।

আপনি ফোনের মাধ্যমে, লিখিতভাবে, অনলাইনে বা ব্যক্তিগতভাবে MDCR-এর সাথে যোগাযোগয করতে পারেন।য

- অনলাইন অভিযোগ ফরম: মিশিগান সিভিল রাইটস বিভাগ
- ফোনের মাধ্যমে: 1-800-482-3604
- চিঠির মাধ্যমে: 3054 West Grand Boulevard, Suite 3-600, Detroit, MI 48202

অন্যান্য রিসোর্স:

আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)

এই ভাষা অ্যাক্সেস পরিকল্পনাটি কথ্য ভাষার জন্য ভাষা সহায়তা সেবা প্রদানের তথ্য প্রদান করে। আমেরিকানস উইথ ডিজঅ্যাবিলিটিজ অ্যাক্ট (ADA) অনুযায়ী কার্যকর যোগাযোগের আবশ্যকীয়তা হলো বধির/শ্রবণশক্তিতে দুর্বল এবং যাদের যোগাযোগজনিত অক্ষমতা রয়েছে, যার মধ্যে শ্রবণ, দৃষ্টি ও বাক প্রতিবন্ধকতাও অন্তর্ভুক্ত, তাদের চাহিদা পূরণের জন্য উপযুক্ত স্থান। ADA কার্যকর যোগাযোগের আবশ্যকীয়তা সেই ব্যক্তিদের জন্যও অন্তর্ভুক্ত করা হয়েছে যারা বধির/শ্রবণশক্তিতে দুর্বল এবং আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL) ব্যবহার করেন। অনুগ্রহ করে কার্যকর যোগাযোগ পরিপালনের প্রয়োজনীয়তার জন্য সংশ্লিষ্ট মিশিগান স্টেট বিভাগের ADA সমন্বয়ককে খুঁজে পেতে নিম্নলিখিত লিঙ্কটি ব্যবহার করুন: https://www.michigan.gov/disabilityresources/ada-notice/coordinators .

আমেরিকানস উইথ ডিজঅ্যাবিলিটিস অ্যাক্ট (ADA)

আমেরিকানস উইথ ডিজঅ্যাবিলিটিজ অ্যাক্ট (ADA) এর টাইটেল II অনুসারে, স্টেট অব মিশিগান (SOM) নির্বাহী শাখার বিভাগ তাদের কর্মসূচি, সেবা বা কার্যক্রমে প্রতিবন্ধকতার ভিত্তিতে যোগ্য ব্যক্তিদের প্রতি বৈষম্য করবে না।

- আমেরিকানস উইথ ডিজঅ্যাবিলিটিস আইনের অধীনে নোটিশ
- নির্বাহী আদেশ নং ২০০৪ – ৩১